

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. দ্বিতীয় অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَرْقَمَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: ﴿إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ وَوَجَدَ أَحَدُكُمُ الْخَلَاءَ فَلْيَبْدَأُ بِالْخَلَاءِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَرَوَى مَالِكٌ وَأَبُو دَاؤُدَ وَالنَّسَائِيِّ نَحوه

বাংলা

১০৬৯-[১৮] 'আবদুল্লাহ ইবনু আরকাম (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ সালাতের ইকামাত(ইকামত/একামত) হয়ে গেলে তখন তোমাদের কারো পায়খানার বেগ ধরলে সে যেন আগে পায়খানা করে নেয়। (তিরমিয়ী, মালিক, আবূ দাউদ, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ১৪২, আবূ দাউদ ৮৮, দারিমী ১৪৬৭, ইবনু খুযায়মাহ্ ১৬৫২, সহীহ আল জামি' ৩৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَجَدَ أَحَدُكُمُ الْخَلَاءَ) "তোমাদের কারো ওপর যখন পায়খানার বেগ চেপে বসে সে যেন আগে পায়খানার কাজ সেরে নেয়"। কেননা পায়খানার চাপ নিয়ে যদি সে সালাতে দাঁড়ায় তাহলে তার খুশু ও একাগ্রতাকে বিনষ্ট করবে। তাই এ ব্যক্তির জন্য জামা'আত ছেড়ে দেয়া বৈধ। অতএব পায়খানা বা পেশাবের অতিরিক্ত চাপ জামা'আত ছেড়ে দেয়ার জন্য একটি বৈধ ওযর।

হাদীসের শিক্ষা: পায়খানা, পেশাবের চাপ অনুভবকারী ব্যক্তি সালাতে দাঁড়াবে না। এ অবস্থায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা মাকরহ। এতে জামা আত ছুটে যাওয়ার আশংকা থাক অথবা না থাক। যদিও এ অবস্থায় সালাত আদায় করলে তার সালাত হয়ে যাবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন